দৈনিক সংবাদ

তারিখ 29 MAY 1990
পৃষ্ঠা 7 ... 2

20/

71

এসএসসি পরীক্ষা

## উত্তরপত্রে বাইরে থেকে লেখা খাতা সংযুক্ত করার সময় ৫জন ধরা পড়েছে

বগুড়া, ২০শে মে (নিজস্ব সংবাদদাতার ফোন)।—চলতি এসএসসি পরীক্ষায় আজকের ধর্ম পরীক্ষাশেষে গাবতলী কেন্দ্রে ৫জন পরীক্ষার্থী বাইরে থেকে লেখা খাতা মূল উত্তরপত্রের সঙ্গে সংযুক্ত করার সময় উপজেলা নির্বাহী কর্মকর্তার হাতে ধরা পড়েছে। এরা হচ্ছেঃ ইসলামুল হক (রোল ১০১০১৯), রুস্তম আলী (রোল ১০১০৩০), জাহিদুর রহমান (রোল ১০১০২৯), আনোয়ারুল (রোল ১০১০৩১), ও শহীদুল ইসলাম (রোল ১০০৮৬৩)।

এ ব্যাপারে গাবতলী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

( শেষ পৃঃ ২—এর কঃ দ্রঃ )

### এসএসসি পরীক্ষা

(১ম পাতার পর)

উল্লেখ্য, এ কেন্দ্রের পরীক্ষার্থীরা শিক্ষকদের সহযোগিতায় নকল করছে বলে অভিযোগ রয়েছে।

**লক্ষ্মীপুর**

লক্ষ্মীপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানান, আজ ধর্ম পরীক্ষায় লক্ষ্মীপুর জেলার ৪টি কেন্দ্রে ১৫জন পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়েছে।